

26

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
বাজেট অনুমোদন**

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের '৯৪-৯৫ অর্থ বছরের জন্য ১০ কোটি ৭১ লক্ষ টাকার ঘাটতিসহ ৫৭ কোটি ৯৮ লক্ষ টাকার বাজেট গতকাল (শেষ পৃ: ২-এর ক: প্র:)

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
(১ম পৃ: পর)**

(শুক্রবার) বায়িক সিনেট অধিবেশনের শেষ দিনে অনুমোদিত হয়। বাজেটে '৯৩-৯৪ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের অপেক্ষা ৫ কোটি ৭০ লক্ষ টাকা বেশী। আগামী অর্থ বছরের শেষে (৩০শে জুন '৯৫ মোট ঘাটতির পরিমাণ দাঁড়াইবে ১৫ কোটি ৮৩ লক্ষ টাকা। বাজেটে ৫২ কোটি টাকার সংস্থান হইবে সরকারী অনুদান হইতে। অবশিষ্ট ৫ কোটি ২৭ লক্ষ টাকা আসিবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে। বাজেটের ৫৬ দশমিক ২১ শতাংশ ব্যয় হইবে শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও পেনশন খাতে। অবশিষ্ট ৪৩ দশমিক ৭৯ শতাংশ অন্যান্য একাডেমিক কর্মকাণ্ডে ব্যয় হইবে।

কোষাধ্যক্ষ প্রফেসর শহীদ উদ্দিন আহমেদের বাজেট বক্তৃতা শেষে আলোচনা অনুষ্ঠিত হয়। ড: আনোয়ারুল্লাহ চৌধুরী, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, গিয়াস কামাল চৌধুরী, ড: এরশাদুল বারী, প্রফেসর মোহাম্মদ খান, প্রফেসর এম, মসিহুজ্জামান, সুলতানা শফি, সৈয়দ রেজাউর রহমান, এফ, এম, ইকবাল, মনির হোসেন প্রমুখ আলোচনায় অংশগ্রহণ করেন।